



Ambassador &
Permanent Representative

জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন, নিউইয়র্ক
Permanent Mission of Bangladesh
to the United Nations, New York



০৯ জ্যৈষ্ঠ ১৪২৭
২৩ মে ২০২০

বাণী

পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে আমি নিউইয়র্ক মহানগরীতে বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশী ভাই বোনকে জানাচ্ছি আন্তরিক শুভেচ্ছা। ঈদ মোবারক।

মহান আল্লাহর অনুকম্পা, ক্ষমা, অনুগ্রহ ও নৈকট্য লাভের লক্ষ্যে দীর্ঘ একমাস সিয়াম সাধনার পর ঈদ-উল-ফিতর বিশ্ব মুসলিমের জন্য এক অনন্য উপহার। ঈদ শুধু আনন্দ উৎসবই নয় এটি আমাদের শান্তি, সহর্মিতা, ভ্রাতৃত্ববোধ ও ত্যাগের শিক্ষা দেয়। পরস্পরের মধ্যে আনন্দ ও দুঃখ ভাগাভাগি করার মাধ্যমে আমরা মৈত্রী ও সম্প্রীতির বন্ধনে আবদ্ধ হই।

গোটা বিশ্ব আজ করোনা ভাইরাসের সংক্রমণে বিপর্যস্ত। এই মহামারিকালে আমাদের স্বাভাবিক জীবন ব্যবস্থার আমূল পরিবর্তন ঘটেছে। তাই সারাবিশ্বে এবারের ঈদ উদযাপিত হচ্ছে অস্বাভাবিক পরিবেশে। এটি আমাদের সকলের জন্য ধৈর্যের এক মহা পরীক্ষা। স্থানীয় প্রশাসন করোনা ভাইরাস প্রতিরোধে আমাদেরকে নিজ নিজ ঘরে অবস্থান ও নিরাপদ সামাজিক দূরত্ব রক্ষা সংক্রান্ত সুনির্দিষ্ট দিক-নির্দেশনা প্রদান করেছে। তাই ঈদ-উল-ফিতরের নামাজ আদায়ে কোভিড-১৯ প্রতিরোধ সংক্রান্ত নির্দেশনা মেনে চলার জন্য আমি নিউইয়র্ক প্রবাসী সকল বাংলাদেশী ভাই বোনের প্রতি অনুরোধ জানাচ্ছি।

ইতোমধ্যে কোভিড-১৯ রোগে আক্রান্ত হয়ে যে সকল প্রবাসী ভাই-বোনেরা অকাল মৃত্যুবরণ করেছেন আমি তাঁদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি। তাঁদের শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি। পাশাপাশি যারা এই রোগে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন রয়েছেন তাদের দ্রুত সুস্থতার জন্য আল্লাহর কাছে দোয়া করছি। মহান ক্ষমাশীল আল্লাহ যেন করোনা ভাইরাসের সংক্রমণের হাত থেকে আমাদের সকলকে রক্ষা করেন।

আমি পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে আল্লাহর নিকট প্রিয় মাতৃভূমি বাংলাদেশের উন্নতি, সমৃদ্ধি ও কল্যাণার্থে প্রার্থনা করছি। আমি আশাকরি, দৃঢ় মনোবল ও ধৈর্য ধারণের মাধ্যমে বৈশ্বিক এই মহামারি কাটিয়ে উঠে আবারও আনন্দমুখর ঈদ উদযাপন করতে পারবো। আল্লাহ আমাদের শান্তি ও সৌভ্রাতৃত্বের বন্ধনকে আরও শক্তিশালী করুন।

সকলকে আবারও ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা।

স্বাক্ষরিত/-
(রাবাব ফাতিমা)